R N No 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
বরুলমাকে ছাপা পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেণ্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
১৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৬শে ভাদ্র বুধবার, ১৩৮৬ সাল।
১২ই সেপটেম্বর, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## বড়শিমূল-দয়ারামপুর পঞ্চায়েতে সন্ত্রাসের রাজত্ব চলছে, শান্তি ফিরিয়ে না আনলে সত্যাগ্রহ ঃ কংগ্রেস (ই)

নিজস্ব সংবাদদাতা : 'রাজনৈতিক মোকাবিলায় ব্যর্থ হয়ে প্রশাসনকে হাত করে দৈহিক বল প্রয়োগের মাধ্যমে সি পি এম দল ও তার সমর্থকরা রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বড়শিমূল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে এবং এখনও তা অব্যাহত আছে'—সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকার অনুষ্ঠানে ৮ সেপটেম্বর এ অভিযোগ করেন জঙ্গিপুরের ইন্দিরা কংগ্রেস এম এল এ হাবিবুর রহমান। তিনি বলেন সাত দিনের মধ্যে পঞ্চায়েতটিতে শান্তি-শৃঙ্খলা এবং স্বাভাবিক জীবনযাত্রা ফিরিয়ে না আনলে কংগ্রেস (ই) দল এই দাবিতে সত্যাগ্রহ আন্দোলন শুরু করবে। মহকুমা শাসককে সত্যাগ্রহের কথা জানিয়ে দেওয়া হয়েছে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রঘুনাথগঞ্জ ২নং ব্লক ইন্দিরা কংগ্রেস সভাপতি অরবিন্দ সিংহ রায়, সম্পাদক আবদুর রউফ সেখ, পঞ্চায়েত প্রধান গোলাম হোসেন প্রমুখ। হাবিবুর রহমান অভিযোগ করেন, ১ সেপটেম্বর সাইদপুর-খাসপাড়া গ্রামের সিদ্দিক হোসেন, কাইজার হোসেন প্রমুখ ৮/১০ জনের বাড়ীতে হামলা চালিয়ে ব্যাপক লুঠতরাজ চালানো হয়। ২০ আগষ্ট অনুরূপভাবে সাদেমানি সেখ ও আরো ৪/৫ জনের বাড়ীতে হামলা চালিয়ে প্রায় ৪০ হাজার টাকা লুঠ করা হয়। পুলিশকে অপহৃত গরুর খবর জানানো সত্ত্বেও উদ্ধার করেনি। একজন পুলিশ অফিসারের চোখের সামনে হরিপুরের রুস্তম বিশ্বাসের বাড়ীতে হামলা চালিয়ে একদল

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অক্ষম ছাত্রদের জন্য বৃত্তি প্রকল্প

পশ্চিমবঙ্গ সরকারের সমাজ কল্যাণ অধিকার শারীরিক অক্ষম ছাত্রদের দেশের প্রয়োজনীয় নাগরিক করে তোলার উদ্দেশ্যে মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষা দেওয়ার জন্য একটি বৃত্তি দানের প্রকল্প চালু করেছেন। যারা মূক বা অন্ধ অথবা পঙ্গু তারাই এই বৃত্তির সুযোগ পাবে। এই বৃত্তি যারা নিতে চায় তাদের অবশ্যই পশ্চিমবঙ্গে বসবাসকারী ভারতীয় নাগরিক হতে হবে। এবং পিতা-মাতার মাসিক আয় পাঁচশত টাকার বেশী হবে না। ছাত্রদের বয়স সাধারণ ভাবে ১৬ বৎসরের নীচে হবে। এই বৃত্তির পরিমাণ হবে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্রদের ক্ষেত্রে মাসিক ২৫ টাকা এবং অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রদের মাসিক ৩০ টাকা। এ ছাড়াও অন্ধ ছাত্ররা পাঠক ( রিডার ) খরচ বাবদ মাসিক ২০ টাকা এবং পঙ্গু ছাত্ররা স্কুলে যাতায়াত বাবদ মাসিক ২০ টাকা অতিরিক্ত পাবে। এ খবর দিয়ে সদর মহকুমা তথ্য আধিকারিক জানিয়েছেন, মুর্শিদাবাদ

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পুর কমিটি নাগরিকদের কথা শুনলেন

নিজস্ব সংবাদদাতা : ৮ এবং ৯ সেপটেম্বর জঙ্গিপুর পুরসভার নাগরিকদের ডেকে পুরসভার মনোনীত কমিটি সকলের কথা শুনলেন। নাগরিকরাও মন খুলে জানাবার চেষ্টা করলেন পুরসভার সাবিক সমস্যার কথা। পানীয় জল সরবরাহ, বাজার স্থাপন, বিজ্ঞানসম্মত উপায়ে শিক্ষাদান, টাউন হল নির্মাণ, নালা ও খাটা পায়খানা সংস্কার, টিউবওয়েল মেরামত ও স্থাপন, ভাগীরথীতে সেতু নির্মাণ, রাস্তায় আলো, কলোনী বৈদ্যুতিকীকরণ, কলোনীর রাস্তার দুই ধারে ড্রেন নির্মাণ, পুকুর ও গলি সংস্কার, শ্মশানঘাট সুরক্ষা ইত্যাদি প্রভৃতি কত কি। সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য বললেন, পুরসভার আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয়। এতদিন পরিকল্পনামাফিক কোন কাজ হয়নি। এবার সেই পদ্ধতি বাতিল করে নাগরিকদের পরামর্শে পরিকল্পনা গ্রহণ করে সরকারী অর্থানুকূল্যে পুরসভার সমস্যাগুলি সমাধানের চেষ্টা মনোনীত কমিটি করবেন।

## নির্বাচন কর্মী আক্রান্ত

নিজস্ব সংবাদদাতা : নির্বাচন কর্মী অজিতকুমার রায় ৭ সেপটেম্বর রঘুনাথগঞ্জ থানার রাণীনগরে এবং তড়িৎ সাহা ১০ সেপটেম্বর মঙ্গলজনে আক্রান্ত হয়েছেন বলে মহকুমা শাসকের কাছে অভিযোগ করা হয়েছে। এই নির্বাচন কর্মীরা গ্রামে গ্রামে লোকসভা নির্বাচক তালিকা প্রস্তুত করে বেড়াচ্ছেন। অভিযোগে প্রকাশ, একদল লোক র ইচ্ছানুসারে নির্বাচকদের নাম লিখতে রাজি না হওয়ায় তাঁরা আক্রান্ত হন।

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিদ্যুৎ কর্মী ধর্মঘট

নিজস্ব সংবাদদাতা : বিভিন্ন দাবি-দাওয়ার ভিত্তিতে রাজ্য বিদ্যুৎ পর্ষদের যৌথ সংগ্রাম কমিটি ১১—১২ সেপটেম্বর যে ধর্মঘটের ডাক দিয়েছিলেন, জঙ্গিপুর মহকুমায় তা আংশিক সফল হয়েছে। পুলিশ সূত্রে ৯৫ শতাংশ এই ধর্মঘট সফল হয়েছে বলে দাবি করা হলেও একজন সরকারী মুখপাত্র জানিয়েছেন, মেনটেনানস ও আর ই বিভাগে ৫০ শতাংশ এই ধর্মঘট সফল হয়েছে। রঘুনাথগঞ্জ ইলেকট্রিক সাপ্লাই অফিসে

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পুরসভা ঃ নাগরিক কমিটির আন্দোলন

নিজস্ব সংবাদদাতা : হৃত অধিকার পুনরুদ্ধারের দাবিতে ৬ সেপটেম্বর রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত গণ কনভেনসনে শরদিন্দুভূষণ পাণ্ডেকে সভাপতি এবং লক্ষ্মীনারায়ণ দাসকে সম্পাদক করে নাগরিক কমিটি গঠন করা হয়। জঙ্গিপুর পুরসভায় মনোনীত কমিটি নিয়োগের প্রতিবাদে নাগরিক কমিটি ৭—১৫ সেপটেম্বর গণ স্বাক্ষর

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অরঙ্গাবাদ ঃ শিক্ষক সমিতির সম্মেলন

নিজস্ব সংবাদদাতা : ৮ সেপটেম্বর অরঙ্গাবাদ ডি এন কলেজে নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির ২৮তম মুর্শিদাবাদ জেলা সম্মেলনের উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ সৈয়দ মনসুর হবিবুল্লা। ৮—১০ সেপটেম্বর তিনদিনব্যাপী অনুষ্ঠিত এই সম্মেলনে জেলার বহু শিক্ষক প্রতিনিধি অংশ গ্রহণ করেন। ১০ সেপটেম্বর প্রকাশ্য সমাবেশে ভাষণ দেন রাজ্যের আইনমন্ত্রী হাসিম আবদুল হালিম, শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহঃ আবদুল বারি প্রমুখ।

## অভিযোগ ঃ ট্রাইবাল অর্থ অপচয়ের চেষ্টা

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘির এম এল এ হাজারী বিশ্বাস মির্জাপুর থেকে অনুপপুর পর্যন্ত রাস্তাটি পাকা করার জন্য জোর চেষ্টা চালাচ্ছেন। এ খবরে অনেকে পুলকিত হলেও আদিবাসীরা একটি ব্যাপারে ক্ষোভ প্রকাশ করেছেন। তাঁরা অভিযোগ করেছেন, এম এল এ নাকি তপশীল ও উপজাতি উন্নয়ন বিভাগ থেকে অর্থ

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।


# জঙ্গিপুর সংবাদ

২৬শে ভাদ্র বুধবার, ১৩৮৬।


## ফরাক্কার দুঃখ

১৯৭৫ সালে ফরাক্কা বাঁধ প্রকল্প চালুর পর অর্থাৎ ফিডার ক্যানেলে জল ছাড়ার পর হইতেই, শীর্ণকায়া ভাগীরথীর জলধারণ ক্ষমতা না থাকার দরুণ, উদ্বৃত্ত জলধারা পশ্চাদপসরণ করিয়া পাগলা ও বাঁশলৈ নদী ও উপলাই বিল দিয়া উজানে বিস্তীর্ণ এলাকায় বহু ফসলী জমি প্লাবিত করে। ঐ জলরাশি সুতী, রঘুনাথগঞ্জ ও সাগরদীঘি এলাকার প্রায় কুড়ি বর্গমাইল এলাকা জুড়িয়া অদ্যাবধি স্থায়ী বন্যা সৃষ্টি করিয়াছে। বৎসরের পর বৎসর ধরিয়া জল নিষ্কাশনের কোন ব্যবস্থা না হওয়ায় চাষাবাদ বন্ধ হইয়া গিয়াছে; মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত বহু পরিবারকে পথের ভিখারী হইতে হইয়াছে। একদা যাঁহারা ছিলেন সঙ্গতিসম্পন্ন চাষী, আজ তাঁহারা ফেরিওয়ালা। একাদিক্রমে পাঁচ বৎসর চাষাবাদ বন্ধ হইয়া পড়ায় তাঁহারা সর্বস্ব হারাইয়াছেন। সরকারী পরিসংখ্যান অনুযায়ী স্থায়ী বন্যাপীড়িত এলাকায় বাৎসরিক ক্ষতির পরিমাণ চার কোটি টাকা।

বহু কাঠ-খড়পুরাইবার পর কেন্দ্রীয় সরকার ৪·১২ কোটি টাকার জলনিকাশী একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। কিন্তু এক বৎসর অতিক্রান্ত হইয়া যাইবার পরও প্রকল্পের রূপায়ণ কার্য শুরু না হওয়ায় ক্ষতিগ্রস্ত মানুষ চিন্তিত হইয়া পড়িয়াছেন। সম্প্রতি কেন্দ্রীয় কৃষি ও সেচমন্ত্রী বলিয়াছেন যে, ফরাক্কা বাঁধ কর্তৃক গৃহীত জলনিকাশী প্রকল্পের প্রস্তুতিপর্ব চলিতেছে। জমি অধিগ্রহণের কাজ ইতিমধ্যে সম্পূর্ণ হইয়াছে। অনতিবিলম্বে কাজটি শুরু হইলে শেষ হইতে দুই বৎসর সময় লাগিবে বলিয়া আশা করা হইতেছে। অর্থাৎ আরো দুইটি বৎসর ফরাক্কার দুঃখে দুঃখী জনসাধারণকে অশ্রু বিসর্জন করিতে হইবে।

ফরাক্কা প্রকল্প রূপায়ণের পর নিম্ন ফরাক্কা প্রকল্প রূপায়ণের প্রয়োজন দেখা দিয়াছে। যাহার অন্যতম বিষয় ফরাক্কার ভাটিতে জলঙ্গী পর্যন্ত নদী ভাঙন প্রতিরোধ এবং জল নিষ্কাশন। ইহার জন্য দুই শত কোটি টাকা খরচ হইবে বলিয়া বিশেষজ্ঞগণ অভিমত পোষণ করিয়াছেন। এখন সরকারের কৃপাদৃষ্টি বর্ষিত হইলেই হয়।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### টিনি সেভিংস প্রসঙ্গে

জঙ্গিপুর সংবাদ মারফৎ ইউনাইটেড ব্যাঙ্ক কর্তৃক পরিচালিত সম্প্রতি টিনি সেভিংস নামে একটি স্বল্প সঞ্চয় প্রকল্প সম্পর্কে কতকগুলি অসুবিধার কথা উল্লেখ করার প্রয়োজন বোধ করছি। স্বল্প সঞ্চয় সম্পর্কে যখন দিকে দিকে বিভিন্ন সরকারী পরিকল্পনার কথা শুনতে পাই এবং জনগণের মনে সঞ্চয়ের মনোবৃত্তি বৃদ্ধির জন্য বিভিন্ন উপায় ও পন্থা উদ্ভাবনের দৃষ্টান্ত হিসেবে বিভিন্ন ব্যাংক, পোষ্ট অফিস ও অপরাপর সরকারী সঞ্চয় সংস্থার সংখ্যাতীত পদ্ধতির পরিচয় পাই ঠিক সেই মুহূর্তে রঘুনাথগঞ্জ ইউনাইটেড ব্যাঙ্কের টিনি সেভিংস সম্পর্কে শুরুতেই তার ব্যাপক প্রচার ও প্রসার লাভ করা সত্ত্বেও একমাত্র কর্তৃপক্ষের চরম ঔদাসীন্যে এই প্রকল্প সম্পর্কে এখন বিরাট ক্ষোভ ও অসন্তোষ লক্ষ্য করা যাচ্ছে। যে সকল ব্যক্তি এই প্রকল্পের আওতায় সঞ্চয়ের পন্থাকে গ্রহণ করে নিজেদের যুক্ত করে ব্যাংক নিযুক্ত এজেন্টদের কাছে তাঁদের অর্থ জমা দিয়ে আসছিলেন, বেশ কিছুদিন হতেই এজেন্টরা আর ঐ সকল ব্যক্তিদের কাছে তাঁদের অর্থ আদায় নিতে আসছেন না। তার কারণ সম্পর্কে প্রশ্ন রাখলে জবাবে তাঁরা বলেছেন, টাকা জমা নেওয়ার রসিদ বা ভাওচার তাঁদের কাছে অনেকদিন হতেই নাকি আসছে না, ফুরিয়ে গেছে। এই ঘটনা বাস্তবে কতদূর সত্য আমার জানা নাই। যদি সত্যই তাই ঘটে থাকে তবে বলব যে সঞ্চয় প্রকল্পের এ এক লজ্জা ও দুঃখজনক নজীর। রসিদের অভাবে এমন একটি সুন্দর ও সুষ্ঠু সঞ্চয় প্রকল্প শুরুতেই নষ্ট হতে বসেছে এবং এই ঘটনা এই সঞ্চয় প্রকল্পের সঙ্গে জড়িত ব্যক্তিদের মনে সন্দেহ ও ক্ষোভের সঞ্চার করেছে বললে ভুল বলা হবে না। এ বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের সত্বর সহৃদয় দৃষ্টি আকর্ষণ করছি। —মুক্তা ঘোষাল, এড্ভোকেট, রঘুনাথগঞ্জ।

## সন্ত্রাসের রাজত্ব চলছে

( ১ম পৃষ্ঠার পর )

সশস্ত্র লোক বের হয়ে যায়। পরে পুলিশ গিয়ে ওই বাড়ীর ভেতর হতে ৮।১০ জন আহত লোককে উদ্ধার করে। মুসলীম লীগের প্রাক্তন এম এল এ বদরুদ্দিন আহমেদ সি পি এম এর সমর্থনপুষ্ট হয়ে পঞ্চায়েত প্রধানের পদে আসীন হওয়ার জন্য সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছেন বলে হাবিবুর রহমান অভিযোগ করেন। তিনি বলেন ২০ সদস্যের ওই পঞ্চায়েতে কং (ই) সদস্য ১০, সি পি এম ৪ এবং সি পি এম সমর্থিত নির্দল ৬ জন। প্রধান নির্বাচিত হয়েছেন কং (ই) দলের গোলাম হোসেন। তিনিও আক্রান্ত এবং প্রহৃত হয়েছেন। নিরাপত্তার অভাবে জানুয়ারী মাসের পর থেকে তিনি আর অফিসে যেতে পারেন না। বদরুদ্দিন সাহেবের প্রতিদ্বন্দ্বী জলিল বিশ্বাসও ঘেরাও এবং আক্রান্ত হন। কং (ই)-এর দুই সদস্য ফাইজুদ্দিন ও আলতাব বিশ্বাস-সহ দলের অনেক সদস্য প্রাণভয়ে সি পি এম এর কাছে আত্মসমর্পণ করেছেন। গ্রেপ্তারের ভয়ে কেউ অভিযোগ জানাতে থানায় আসছেন না। পরাণ সেখ নামে একজন গ্রামবাসী এফ আই আর করতে এসে গ্রেপ্তার হন। কয়েকটি পরিবার ইতিমধ্যে গ্রাম ছেড়ে চলে গিয়েছেন। ৮।১০টি পরিবার গ্রাম ছেড়ে চলে যাওয়ার জন্য পুলিশ সুপারের কাছে নিরাপদে তাঁদের সম্পত্তি স্থানান্তরের অনুরোধ জানিয়ে বিফল হয়েছেন। টিকপাড়া, হরিপুর, ডিহিপাড়া, চাঁদপাড়া, জোতসুন্দর প্রভৃতি গ্রামে জঙ্গলের বিভীষিকা নেমে এসেছে। নিড়ানী দিতে না দেওয়ায় প্রায় তিন হাজার বিঘা জমিতে ধান হয়নি। জমির ঘাস বিক্রী করেছে সি পি এম সমর্থকরা। কং (ই)-এর অনেকে সম্পত্তি বিক্রী করে দিচ্ছে, যে কিনছে তাকে মারধোর করা হচ্ছে বলেও তিনি জানান।

**সাগরদীঘিতে** ঃ মুরশিদাবাদ জেলা ইন্দিরা কংগ্রেস সভাপতি এক সাক্ষাৎকারে অভিযোগ করেছেন, সাগরদীঘি ব্লকের পাটকেলডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের দিয়ারা-বালাগাছি গ্রামে উপ-প্রধান-সহ সি পি এম সমর্থকরা তিনজনের বাড়ীতে হামলা চালিয়ে লুঠতরাজ করে। তিনটি দুধেল গাই অপহৃত হয়। তার মধ্যে একটি গাইকে গলাকাটা অবস্থায় জিয়াগঞ্জের কাছে পাওয়া যায়। পুলিশ তদন্তে গেলে সি পি এম সমর্থকরা বাধা দেয় এবং বিক্ষোভ জানায়।

## বৃত্তি প্রকল্প

( ১ম পৃষ্ঠার পর )

জেলার অক্ষম ছাত্রদের নিকট হতে এই বৃত্তির সুযোগ গ্রহণ করার জন্য নির্দিষ্ট ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। বিশদ বিবরণ ও দরখাস্তের ফর্মের জন্য সমস্ত সমষ্টি উন্নয়ন অফিস, মহকুমা শাসকের অফিস বা জেলা শাসকের অফিসে খোঁজ করতে বলা হয়েছে।

নির্বাচন কর্মী প্রহৃত [ শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য

## অর্থ অপচয়ের চেষ্টা

( ১ম পৃষ্ঠার পর )

মঞ্জুরের জন্য তদ্বির-তদারক করছেন। কিন্তু ওই রাস্তার ধারে আদিবাসী গ্রাম বা তপশীল জাতি ও উপজাতি সম্প্রদায়ের বাস না থাকায় তাঁর সে চেষ্টা সফল হচ্ছে না। আদিবাসীদের বক্তব্য, অন্য বিভাগ থেকে টাকা সংগ্রহ করে রাস্তাটি করুন আপত্তি নাই; কিন্তু ট্রাইবাল অর্থ অপচয়ের চেষ্টা কেন? ট্রাইবাল ডেভেলপমেন্ট প্রজেকটের টাকায় মনিগ্রাম, বাল্লিয়া, পাটকেলডাঙ্গা, বারালা ও গোবর্ধনডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের আদিবাসী অধ্যুষিত এলাকায় রাস্তা তৈরীতে এম এল এ সচেষ্ট হচ্ছেন না কেন?

## কমিটির আন্দোলন

( ১ম পৃষ্ঠার পর )

সংগ্রহ এবং মুখ্যমন্ত্রী সমীপে পেশ, ব্যাজ ধারণ করে ১৫ সেপটেম্বর গণ প্রতিবাদ দিবস পালন এবং ২২ সেপটেম্বর মহকুমা শাসকের অফিসে গণ অভিযানের কর্মসূচী গ্রহণ করেন। পুরসভায় মনোনীত কমিটি নিয়োগের বিরোধিতা সত্ত্বেও একটি বিষয়ে মতান্তর ঘটায় আর এস পি এই কনভেনসন বয়কট করে।

## বিদ্যুৎ কর্মী ধর্মঘট

( ১ম পৃষ্ঠার পর )

১৬ জন কর্মীর মধ্যে ১৫ জন, লাইন সেকসনের মরনিং শিফটে ১২ জনের মধ্যে ১০ জন এবং নাইট শিফটে ৮ জনের মধ্যে ৬ জনই কাজে যোগ দেননি। সাগরদীঘি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসে ৩১ জনের সবাই কাজে যোগ দিয়েছেন। ধুলিয়ান ও অরঙ্গাবাদ গ্রুপ সাপ্লাইয়েও ধর্মঘট ব্যর্থ হয়েছে।

## পশ্চিমবঙ্গ সরকার

### অতিরিক্ত জেলা শাসক ( এল আর ) মুর্শিদাবাদের করণ ভূমি সংস্কার ( ব্যবস্থাপনা ) বিভাগ

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রচার করা যাইতেছে যে মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২ এল আর সার্কেলের অধীনে কর্মরত ৫নং তহশীল ব্লকের তহশীলদার ৺উমেশচন্দ্র দাস, খাজনা ও বিভিন্ন সরকারী ঋণ আদায়ের কার্যে নিযুক্ত ছিলেন। উক্ত তহশীলদারকে খাজনা আদায়ের জন্য F/4 500701 to F/4 500800 পৃষ্ঠার একটি R. R. Book ইস্যু করা হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ কার্যেরত থাকাকালীন উক্ত R. R. Book এর F/4 500701 to F/4 500740 পৃষ্ঠা ব্যবহৃত হওয়ার পর গত ১৩-৩-১৯৭৯ ইং তারিখে যখন শ্রীদাস চর নাকুথাকী এলাকায় সরকারী কার্যে যান তখন খুন হইয়া মারা যান। তাঁহার মৃত্যুর পর শ্রীদাসের নিকট ইস্যুকৃত R. R. Bookটি পাওয়া যায় নাই। সেই হেতু, জনসাধারণের নিকট অনুরোধ করা যাইতেছে যে, উক্ত R. R. Book এর F/4 500741 হইতে F/4 500800 পৃষ্ঠার রসিদের বিনিময়ে কেহ কোনরূপ সরকারী খাজনা/ঋণের টাকা জমা দিবেন না। এই বিজ্ঞপ্তি প্রচারের পরও যদি কেহ খাজনার টাকা ঐ আর. আর বইয়ের উল্লিখিত রসিদের বিনিময়ে প্রদান করেন, তবে তাহার দায়দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তির উ রই বর্তাইবে।

১৯-৮-৭৯ স্বাঃ/- সতীশচন্দ্র বর্ম্মন
অতিরিক্ত জিলা শাসক (ভূমি সংস্কার)
মুর্শিদাবাদ

---

GOVERNMENT OF WEST BENGAL

**Public Works Department**

**Office of the Executive Engineer, Berhampore Division No. I,**

Berhampore, Murshidabad.

Memo No. 4543 Dated 31. 8. 79

From :—The Executive Engineer (PWD) Berhampore Division No. I.

| N. I. T. No. | Name of work | Amount put to tender | Earnest Money | Date of opening |
|---|---|---|---|---|
| 138/79-80 | Construction of staff quarter Type (One No.) and Type (IV) (One No.) at Berhampore Sericulture Nursery during the year 1979-80 | Rs. 80,689/- | Rs. 1,613/- | 19.9. 79 |

Other details may be found from Executive Engineer (P. W. D. ), Berhampore Division No. I's office during office hours.

S/d. Illegible
Executive Engineer (P. W. D.)
Berhampore Division No. 1

---

GOVERNMENT OF WEST BENGAL

**Public Works Department**

**Office of the Executive Engineer, Berhampore Division No. 1**

Berhampore, Murshidabad

No. 4540/40 Dated 31-8-79

B. D. I. S No. BB OF '79-80 NOTICE INVITING TENDERS (ABRIDGED)

Sealed tenders in printed tender form as specified are invited for the following works from eligible tenders as per particulars below and will be received by the Executive Engineer, P. W. D., Berhampore Division No. 1 upto the time specified therein.

| | | |
|---|---|---|
| Name of work | : | Construction of Staff Quarter at Berhampore Sericulture Nursery Type III and (IV) Phase (I) |
| Name and address of the P. W. D. Sub-Divns. concerned. | : | Berhampore |
| Contractors eligible to submit tender | : | Registered Co-operative Societies formed by unemployed Engineers & Diploma holders and 1st class and 2nd class enlisted contractors of P. W. D. ( Road & Building ) and Constn. Board and bonafide outsider. |
| Estimated value of work put to tender. | : | Rs. 80,689·00 |
| Earnest money @ -% | : | Rs. 1,613·00 |
| Minimun fixed deposit required for exemption from payment of earnest money. | : | Rs. 50,000·00 |
| Printed west Bengal Tender form in which tender is to be submitted. | : | No, 2911 (ii) including upto-date corrigenda & addenda thereto as per orders Government and as the case may be. |
| Price per copy of the specified West Bengal Tender form. | : | Rs. 5/- for 2911 (ii) |
| Price per copy of the set of other tender documents | : | Rs. 8/- for 2911 (ii) |
| Last date & time of receipt of application for tenders | : | 18. 9. 79 upto 4-00 P. M. |
| Last date & time limit for receipt of the tenders | , | 19. 9. 79 upto 3-00 P. M. |
| Time of completion of work. | : | Four months from the date of issue of work order. |
| Location of godown from which departmental materials are to be issued. | : | From respective Sub-Divisional Godowns. |

Sd/- Illegible
Executive Engineer (P.W.D) Berhampore Division No 1

## নির্বাচন কর্মী আক্রান্ত

( ১ম পৃষ্ঠার পর )

তাঁদের কাগজপত্র কেড়ে নেওয়া হয়। ঘটনাস্থল পরিদর্শন করে এসে রঘুনাথগঞ্জ ১নং বিডিও মিহিররঞ্জন পত্রনবীশ জানান, রাণীনগরের ঘনাপাড়া থেকে অপহৃত কাগজপত্র ফেরত পাওয়া গেছে। পুলিশ মঙ্গলজন থেকে অপহৃত কাগজপত্র উদ্ধার করে এনেছে। উভয় পক্ষকে অভিযোগ দাখিলের পরামর্শ দেওয়া হয়েছে।

## বাড়ী বিক্রয়

সাগরদীঘি বাজারে রেল ষ্টেশনের সন্নিকটে সদর রাস্তার ধারে ছয় শতক জায়গার উপর একটি দ্বিতল পাকা বাসগৃহ বিক্রয় আছে। বিদ্যুৎ ও পায়খানার সুবিধা আছে। সরকারী কিংবা বেসরকারী অফিসের জন্যও ব্যবহার করা যাইতে পারে। যোগাযোগের ঠিকানা—সম্পাদক, জঙ্গিপুর সংবাদ, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)।

সকলের প্রিয় এবং
বাজারের সেরা
**ভারত বেকারীর**
স্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

বহরমপুর—ফরাক্কা ও
বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয় )

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## আবার লরি হরণ

রঘুনাথগঞ্জ, ১০ সেপটেম্বর—গতকাল রাত্রে এই থানার মথুরাপুরে ৩৪নং জাতীয় সড়কে আবার একটি লরি ছিনতাই হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। গত মাসে জাতীয় সড়কের আইড়ায় ধুলিয়ানের একটি লরি ছিনতাই হয়েছিল। পুলিশ সূত্রের খবরে প্রকাশ, গতকাল রাত্রে খোল বোঝাই একটি লরি ( ড'লু জি আর ১০০২ ) তিনজন যাত্রী নিয়ে মালদা থেকে আসছিল। পথে মথুরাপুরে একদল দুষ্কৃতকারী অবরোধ সৃষ্টি করে লরিটি থামায় এবং চালক, খালাসি ও যাত্রী তিনজনকে গাছের সঙ্গে বেঁধে রেখে লরি নিয়ে চম্পট দেয়। লরিটি বীরভূমের দুবরাজপুরে ধরা পড়েছে বলে পুলিশ খবর পেয়েছে।

## নৃশংস হত্যাকাণ্ড

ধুলিয়ান, ১২ সেপটেম্বর—সামসেরগঞ্জ থানার চাচণ্ড গ্রামে মমরেজপুরের নৌসাদ মোমিন ২ সেপটেম্বর রাত্রে নৃশংসভাবে খুন হয়েছেন বলে পুলিশ সূত্রে খবর পাওয়া গিয়েছে। প্রকাশ, হত্যা করার পর বস্তায় বেঁধে তাঁর মৃতদেহটি লোহরপুরে গঙ্গার ঘাটে পুঁতে ফেলা হয়। পরদিন সকালে মৃতদেহটি উদ্ধার করা হয়। রাজনৈতিক বিরোধ এই হত্যাকাণ্ডের কারণ বলে অনুমান করা হচ্ছে।

## বিজ্ঞপ্তি

সাগরদীঘি সরস্বতী সঙ্গীত মহাবিদ্যালয়। এখানে রবীন্দ্রসঙ্গীত, নজরুলগীতি ও খেয়াল গান শিক্ষা দেওয়া হয়। প্রয়াগ সঙ্গীত সমিতি (এলাহাবাদ) কর্তৃক অনুমোদিত। এখানে প্রভাকর কোর্সের পরীক্ষার ব্যবস্থা আছে।


পোঃ সাগরদীঘি, মুর্শিদাবাদ

## দু’মাস ধরে আলো নাই

রঘুনাথগঞ্জ, ১২ সেপটেম্বর—জঙ্গিপুর সংবাদ কার্যালয় সংলগ্ন তেমাথার মোড়ের পোলটিতে দু’মাস ধরে আলো জ্বলছে না। পুরসভার পক্ষ থেকে বিদ্যুৎ বিভাগকে আলোর ব্যবস্থা করার অনুরোধ জানানো সত্ত্বেও কোন ফল হয়নি বলে জানা গেছে।


## সম্পাদকের মাতৃবিয়োগ

সহযোগী কান্দী বান্ধব সম্পাদক সত্যনারায়ণ মুখোপাধ্যায়ের মা ১০ সেপটেম্বর কান্দীতে পরলোকগমন করেছেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করি।




Godrej

*"The quality is never an accident,
But it is always the result of an important efforts"*



উক্তিটির সার্থক রূপকার গোদরেজ। গোদরেজের ষ্টীল আলমারী, অফিস আসবাব এবং রেফ্রিজেরেটর ও টাইপরাইটার এখন ষ্টীলজগতের এক এবং অনন্য। আপনার মনের মত সেরা জিনিসটি আপনি পছন্দ করে নিয়ে যান আমাদের শো-রুম থেকে।



★ এক এবং অনন্য পরিবেশক—

**মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ**
বোলপুর ★ বীরভুম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।